



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

রেজিঃ/এডি

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০

(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৩.২৭.০১০.১৬-২৭৫২

তারিখ: ০২/০১/২০১৮
পৌষ ১৪২৪
জানুয়ারি ২০১৮

অফিস আদেশ

যেহেতু, জনাব মো: খালেছুর রহমান, ট্রাক ড্রাইভার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, দিনাজপুর। তিনি বিগত আগস্ট ২০১৫ মাসে ১২ দিন এবং সেপ্টেম্বর ২০১৫ হতে ০২ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত মোট ১৪২ দিন সর্বমোট ১২+১৪২=১৫৪ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি উক্ত অননুমোদিত ছুটি ভোগের কোন নিষ্পত্তি ছাড়াই স্বীয় পদের দায়িত্ব গ্রহণে বিরত থেকে পুনরায় ২৮ এপ্রিল ২০১৬ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। কর্মস্থলে যোগদানের নিমিত্ত যুগ্মপরিচালক (বীপ্র), বিএডিসি, দিনাজপুর দপ্তরের ১৫ জুন ২০১৬ তারিখের ১২৩৮ ও ১০ জুলাই ২০১৬ তারিখের ০২ নং স্মারকে তাঁর স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলে পত্র দুটি গ্রহণ না করায় ফেরত আসে। তাঁর এধরনের কার্যকলাপ দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং ডিজারশনের প্রমাণ বহন করায় সংস্থাপন বিভাগের ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৮৭৮ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় অভিযোগনামা প্রণয়ন করা হয়; এবং

০২. যেহেতু, উপরোক্ত অভিযোগসমূহের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯ প্রবিধির উপর ভিত্তি করে ৪৩(১) প্রবিধি মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে শাস্তি/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তাঁর কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়; এবং

০৩. যেহেতু, জনাব মো: খালেছুর রহমান, ট্রাক ড্রাইভার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, দিনাজপুর উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছাও পোষণ করেননি; এবং

০৪. যেহেতু, বিএডিসি, কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪৩ (২) প্রবিধি মোতাবেক একজন তদন্ত কর্মকর্তার মাধ্যমে অভিযোগসমূহ তদন্ত করা হয়; এবং

০৫. যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে বিগত আগস্ট ২০১৫ মাসে ১২ দিন এবং সেপ্টেম্বর ২০১৫ হতে ০২ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত মোট ১৪২ দিন একুনে সর্বমোট (১২+১২৪)=১৫৪ দিন ও ২৮ এপ্রিল ২০১৬ হতে ০২ মে ২০১৭ (প্রতিবেদন দাখিলের তারিখ) পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রতিষ্ঠিত হয়েছে; এবং

০৬. যেহেতু, উক্ত অপরাধের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১)(খ) প্রবিধি মোতাবেক তাঁর উপর কেন এক বা একাধিক গুরুদণ্ড আরোপ করা হবেনা তার কারণ দর্শানোর জন্য সংস্থাপন বিভাগের ২৮ মে ২০১৭ তারিখের ৪১৭০ নম্বর স্মারকযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি।

০৭. যেহেতু, জনাব মো: খালেছুর রহমান, ট্রাক ড্রাইভার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, দিনাজপুর'কে কর্মস্থলে যোগদানের জন্য ৩০ নভেম্বর ২০১৭ তারিখ দৈনিক ইত্তেফাক পত্রিকায় ১৫ (পনের) দিনের সময় দিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তিনি (জনাব জনাব মো: খালেছুর রহমান) বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করেননি।

০৮. সেহেতু জনাব মো: খালেছুর রহমান, ট্রাক ড্রাইভার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, দিনাজপুর কর্তৃক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান না করায় তাঁর অনুপস্থিতির তারিখ হতে অর্থাৎ ২৮ এপ্রিল ২০১৬ তারিখ হতে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার কারণে/ডিজারশনের দায়ে বিএডিসি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১)(খ)(এ) প্রবিধান অনুযায়ী তাকে সংস্থার চাকরি হতে বরখাস্ত (ডিসমিসাল) দণ্ড প্রদান করা হলো এবং বিগত আগস্ট ২০১৫ মাসে ১২ দিন এবং সেপ্টেম্বর ২০১৫ হতে ০২ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত মোট ১৪২ দিন একুনে সর্বমোট (১২+১২৪)=১৫৪ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৩.২৭.০১০.১৬ -২৭৫২

তারিখ: ৩২ পৌষ ১৪২৪
০২ জানুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/ক্রয়/উদ্যান/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৩. নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৪. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপস) বিএডিসি, ঢাকা।
৬. যুগ্মপরিচালক (বীপ্র), বীপ্রকে, বিএডিসি, দিনাজপুর।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৮. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর।
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সম্পাদক, কৃষি সমাচার, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।
১১. সহকারী হিসাব, নিয়ন্ত্রক (প্রভতঃ/নগদান/ব্যঃদাঃ), বিএডিসি, ঢাকা।
১২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/অর্থ/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৩. জনাব মো: খালেছুর রহমান, ট্রাক ড্রাইভার, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, দিনাজপুর।
১৪. জনাব মো: খালেছুর রহমান, প্রযন্ত্রে: মোছাঃ মর্জিনা বেগম, গ্রাম- বৃন্দাবন পাড়া, ডাকঘর- বগুড়া, জেলা- বগুড়া।
১৫. ব্যক্তিগত নথি/অফিস কপি /মাষ্টার ফাইল।


(মোঃ রিয়াজুল ইসলাম)
উপসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।